CICA Virtual Ministerial Meeting

September 24, 2020

সিআইসিএ এর মন্ত্রী স্তরীয় ভার্চুয়াল বৈঠক

সেপ্টেম্বর 24,2020

কনফারেন্স অন ইন্টার‍্যাকশন অ্যান্ড কনফিডেন্স-বিল্ডিং মেসার্স ইন এশিয়া(সিআইসিএ) এর বিদেশমন্ত্রীদের মধ্যে 24 সেপ্টেম্বর 2020 তে অনুষ্ঠিত ভার্চুয়াল বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর অংশগ্রহণ করেছিলেন। সিআইসিএ এর সভাপতির পদ গ্রহণ করার জন্য পররাষ্ট্রমন্ত্রী কাজাখস্তানকে অভিনন্দন জানিয়েছেন এবং এশিয়ায় শান্তি, সুরক্ষা এবং সমৃদ্ধির ক্ষেত্রে সিআইসিএ এর উদ্যোগের প্রতি ভারতের সমর্থনের কথা পুনরায় নিশ্চিত করেছেন। কোভিড-19 অতিমারির মোকাবিলায় ভারতের প্রচেষ্টা এবং সিআইসিএ এর অংশীদার দেশ এবং তার বাইরের দেশের প্রতিও ভারতের অবদানের কথা জানিয়েছেন। মধ্য এশিয়ার সাথে ভারতের পরম্পরাগত সম্পর্ক, সন্ত্রাসবাদ বিরোধী পরিপ্রেক্ষিত এবং আফগানিস্তানের বিষয় তিনি উল্লেখ করেছেন।

এই বৈঠকে সিআইসিএ এর সভাপতিত্বের পদ তাজিকস্তানের কাছ থেকে কাজাখস্তানের কাছে গেছে; নতুন কার্যনির্বাহী পরিচালক নিযুক্ত হয়েছেন এবং কোভিড-19 অতিমারির ফলে উদ্ভূত সংক্রমণ প্রশমিত করার ক্ষেত্রে সহযোগিতা সহ সিআইসিএ এর ভবিষ্যত উদ্যোগের উপর মত বিনিময় হয়েছে।

1999 সালে সিআইসিএ এর শুরু থেকেই ভারত এর সদস্য এবং সিআইসিএ এর পৃষ্ঠপোষকতায় পরিচালিত বিভিন্ন ধরণের কাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে আসছে। ‘নিরাপদ ও কার্যকরী ব্যবস্থাযুক্ত পরিবহণ করিডোরের উন্নয়ন’ এবং ‘ শক্তি সুরক্ষা’- র উপর দুইটি সিআইসিএ সিবিএম এর যুগ্ম সভাপতির পদ ভারত গ্রহণ করেছে।

নিউ দিল্লি
সেপ্টেম্বর 24,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.